



রপ্তানি উন্নয়ন ব্যুরো EXPORT PROMOTION BUREAU



নং: ২৬.০২.০০০০.৫৮. ০৩৮.০৮৮.১৯/১০২৪

তারিখ: ২৩ জুলাই, ২০১৯

বিষয়: আগামী ০৫-১০ নভেম্বর, ২০১৯ চীনের সাংহাইয়ে অনুষ্ঠিতব্য “China International Import Expo-2019” শীর্ষক এক্সপো এ ন্যাশনাল প্যাভিলিয়ন ক্যাটাগরীতে অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ০৫-১০ নভেম্বর, ২০১৯ তারিখ চীনের সাংহাইয়ে অনুষ্ঠিতব্য “China International Import Expo-2019” শীর্ষক এক্সপো-তে মেলায় বাণিজ্য মন্ত্রণালয় এবং রপ্তানি উন্নয়ন ব্যুরোর ব্যবস্থাপনায় বাংলাদেশ ন্যাশনাল প্যাভিলিয়ন ক্যাটাগরীতে অংশ গ্রহণ করবে। ইতোমধ্যে ন্যাশনাল প্যাভিলিয়নের জন্য আয়োজক কর্তৃপক্ষ বাংলাদেশ এর বরাবরে ১৩৬ বর্গমিটার স্পেস বরাদ্দ প্রদান করেছে। উক্ত Raw Space এ মেলা আয়োজক এবং ব্যুরোর নিজস্ব অর্থায়নে বাংলাদেশ প্যাভিলিয়ন নির্মাণ করা হবে।

০২। এ মেলায় National Pavilion এর মাধ্যমে বাংলাদেশের কৃষ্টি-সংস্কৃতি, অর্থনৈতিক উন্নয়ন অগ্রযাত্রা, শিল্পায়ন, বিনিয়োগ ও পর্যটন সম্ভাবনা, রপ্তানি সম্ভাবনাময় এবং প্রতিষ্ঠিত পণ্যসম্ভার ইত্যাদি উপস্থাপন করা হবে। উল্লেখ্য, গত বছর Expo টি প্রথমবারের মতো অনুষ্ঠিত হয় এবং বাংলাদেশ হতে সরকারী সংস্থা- বিডা, বেজা, বেপজা, জেডিপিসি, বাংলাদেশ হাই-টেক পার্ক অথরিটি, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন এবং বিজেএমসি অংশগ্রহণ করেছে। অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ উক্ত Expo-তে বাংলাদেশ প্যাভিলিয়নে অংশগ্রহণ এর মাধ্যমে তাদের প্রদত্ত সেবা এবং পণ্যাদি প্রদর্শন করেছে। উল্লেখ্য, Expo এর উদ্বোধনী অনুষ্ঠান এবং অন্যান্য রাষ্ট্রীয় কর্মসূচীতে বাংলাদেশ হতে মাননীয় বাণিজ্য মন্ত্রী মহোদয়ের নেতৃত্বে একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল যোগদান করবেন। গত বছরের ন্যায় এবারও চীনের President Mr. Xi Jinping প্রস্তাবিত Expo টি উদ্বোধন করবেন মর্মে আশা করা হচ্ছে এবং আমন্ত্রিত ৪০ টি দেশের সরকার প্রধান ও মন্ত্রী পর্যায়ের প্রতিনিধি এক্সপো এর উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মর্মে আশা করা যাচ্ছে।

০৩। জাতীয় প্যাভিলিয়নে ৬০ টি দেশকে আমন্ত্রণ জানানো হয়েছে এবং ১২টি দেশকে Guest of Honor Countries এর মর্যাদা দেয়া হবে। বাংলাদেশকে নতুন মোড়কে ব্র্যান্ডিং এবং বিনিয়োগ আকৃষ্টকরণের ক্ষেত্রে এ মেলা অত্যন্ত কার্যকরী ভূমিকা পালন করবে মর্মে ব্যুরো মনে করে। ফলে আপনার প্রতিষ্ঠান এবারের মেলায় অংশগ্রহণের বিষয়টি বিবেচনা করতে পারেন।

০৪। এমতাবস্থায়, আগামী ০৫-১০ নভেম্বর, ২০১৯ তারিখ চীনের সাংহাইতে অনুষ্ঠিতব্য “China International Import Expo-2019” এ কার্যকরীভাবে অংশগ্রহণের বিষয়ে আপনার স্বনামধন্য প্রতিষ্ঠানের সম্মতি এবং নিয়মিত যোগাযোগের জন্য একজন উপযুক্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়নপূর্বক আগামী ০৪ জুলাই তারিখের মধ্যে ব্যুরোকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হ’ল।

আপনার বিশ্বস্ত

(আবু মোখলেছ আলমাসুম হোসেন)

উপপরিচালক (মেলা ও প্রদর্শনী)

টেলি: ৮১৮০০৮৮

ইমেইল: amahepb75@gmail.com

dd-fair@epb.gov.bd


অনুলিপি (সদয় কাযার্থে, জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), ই-৬/বি, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা -১২০৭।
০২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ ইকোনমিক জোনস্ অথরিটি (বেজা), লেভেল-১২, মোনেম বিজনেস ডিস্ট্রিক, ১১১ বীর উত্তম সি আর দত্ত রোড, ঢাকা।
০৩. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, ১০তম তলা, ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা।

০৪. অতিরিক্ত সচিব (রপ্তানি), বাণিজ্য মন্ত্রণালয় , বাংলাদেশ সচিবালয় ঢাকা ।
০৫. নির্বাহী চেয়ারম্যান , বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (বেপজা), বেপজা কমপ্লেক্স , বাড়ী নং -১৯/ডি , রোড নং-৬, ধানমন্ডি বা/এ , ঢাকা ।
০৬. চেয়ারম্যান ,বিজেএমসি , আদমজী কোর্ট (এনেক্স-১) ১১৫-১২০, মতিঝিল বা/এ ,ঢাকা-১০০০ ।
০৭. চেয়ারম্যান , বাংলাদেশ টেক্সটাইলস্ মিলস্ কর্পোরেশন ,বিটিএমসি ভবন , ৭-৯ , কারওয়ান বাজার ,ঢাকা-১২১৫ ।
০৮. চেয়ারম্যান ,বাংলাদেশ পয়টন কর্পোরেশন ,৮৩-৮৮, মহাখালী বা/এ ,ঢাকা-১২১২ ।
০৯. প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও),বাংলাদেশ ট্যুরিজম বোর্ড (বিটিবি),লেভেল-৩ , ভবন-২ ,বিএসএল অফিস কমপ্লেক্স (হোটেল ইন্টার কন্টিনেন্টাল) ০১ মিন্টু রোড, ঢাকা ।
১০. চেয়ারম্যান , বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন , ১৩৭-১৩৮, মতিঝিল বা/এ ঢাকা-১০০০ ।
১১. ব্যবস্থাপনা পরিচালক (এমডি) , এসএমই ফাউন্ডেশন (SME Foundation), রয়েল টাওয়ার ,৪ পাথপথ , কারওয়ান বাজার ,ঢাকা-১২১৫ ।
১২. নির্বাহী পরিচালক ,জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) ,১৪৫ মনিপুর পাড়া, তেজগাঁ ,ঢাকা ।
১৩. ব্যবস্থাপনা পরিচালক , জয়িতা ফাউন্ডেশন , রাপা প্রাজা (চতুর্থ তলা) , ধানমন্ডি ,ঢাকা ।

অনুলিপি (জ্ঞাতার্থে)

- ০১। জনাব জনাব আমিনুল ইসলাম , উপসচিব (রপ্তানি-৫), বাণিজ্য মন্ত্রণালয় , বাংলাদেশ সচিবালয় , ঢাকা।
- ০২। প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (নোটিশটি ব্যুরোর ওয়েব সাইটে সংযোজন করার জন্য অনুরোধ জানানো হলো)।
- ০৩। সহকারী পরিচালক, ভাইস-চেয়ারম্যান মহোদয়ের দপ্তর , রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। পি এ টু মহাপরিচালক-১, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক-১ মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। পি এ টু পরিচালক (মেলা), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (পরিচালক (মেলা) মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(আবু মোখলেছ আলমগীর হোসেন)
উপপরিচালক (মেলা ও প্রদর্শনী)
টেলি: ৮১৮০০৮৮
ইমেইল: amahepb75@gmail.com
dd-fair@epb.gov.bd